

স্মারক নং-মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫৫/বিইডিইউ/২০১৬/৮৫৩৭


তারিখ : ২৬.১০.২০২১ খ্রি.

বিষয় : মাধ্যমিক/দাখিল পর্যায়ে ধারাবাহিক মূল্যায়ন (CA) বিষয়ক মাঠ পর্যায়ের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণে মাঠপর্যায়ের কর্মকর্তাগণকে একটি ব্যাচে প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

সূত্র : মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫৫/বিইডিইউ/২০১৬/৮৪৫০, তারিখ : ০৭.১০.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় ২০২১-২০২২ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে মাধ্যমিক/দাখিল পর্যায়ের শিক্ষকগণের জন্য ধারাবাহিক মূল্যায়ন (CA) বিষয়ক মাঠ পর্যায়ের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ গত ২৩ অক্টোবর ২০২১ তারিখ হতে দেশের ৩৯টি জেলায় শুরু হয়েছে। উক্ত কর্মসূচিতে সেসিপ-এর আওতায় জোনাল অফিসসহ মাঠপর্যায়ে কর্মরত গবেষণা কর্মকর্তা/ সহকারী পরিদর্শক/উপজেলা একাডেমিক সুপারভাইজারগণকে (ইতোপূর্বে মাস্টার ট্রেনার প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ ব্যতীত) প্রশিক্ষণার্থী হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে। এক্ষেত্রে তারা কেবলমাত্র একটি ব্যাচে প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ পাবেন। মাঠপর্যায়ের কর্মকর্তাগণকে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত করা হলে প্রশিক্ষণ কর্মসূচিতে তাদের সার্বক্ষণিক অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

সংযুক্তি: বর্ণনানুগ।


২৬.১০.২০২১
(প্রফেসর ড.সামসুন নাহার)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক (অ.দা)
টেলিফোন: ০২২২৩৩৮৩৭১২


জেলা শিক্ষা অফিসার : বাগেরহাট, ভোলা, বগুড়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, কুমিল্লা, ঢাকা, ফরিদপুর, ফেনী, গাইবান্ধা, গাজীপুর, হবিগঞ্জ, যশোর, ঝিনাইদহ, খুলনা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, লক্ষীপুর, মানিকগঞ্জ, মেহেরপুর, মৌলভীবাজার, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ, নওগাঁ, নড়াইল, নারায়ণগঞ্জ, নাটোর, নোয়াখালী, পাবনা, পটুয়াখালী, রাজবাড়ী, রাজশাহী, রংপুর, সাতক্ষীরা, শেরপুর, সুনামগঞ্জ, সিলেট ও টাঙ্গাইল জেলা।

স্মারক নং-মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫৫/বিইডিইউ/২০১৬/৮৫৩৭

তারিখ : ২৬.১০.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাউশি, সংশ্লিষ্ট অঞ্চল।
৩. উপ-পরিচালক (সকল), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
৪. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ (www.sesip.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সংরক্ষণ নথি।


২৬.১০.২০২১
(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারী অধ্যাপক ও
প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২)
০২২২৩৩৫৩৮৪৩